

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বাজেট) পাপিয়া ঘোষ-এর ১৯/০২/২০২০ তারিখে ময়মনসিংহ জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিজিডি কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন।

১. দপ্তর/সংস্থার নাম : উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ।
২. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় : ময়মনসিংহ।
৩. পরিবীক্ষণ বিষয়সমূহ/কার্যক্রমসমূহ/কর্মসূচিসমূহ : অফিস কার্যক্রম ও ভাতা ভোগীনির্বাচন প্রক্রিয়া পরিদর্শন।

৩.৪ ভিজিডি কার্যক্রম পরিদর্শনঃ

- (ক) এলাকায় ভিজিডি উপকারভোগী নির্বাচন পদ্ধতি কি : নির্ধারিত কমিটির মাধ্যমে।
- (খ) ভিজিডি বিতরণকালে কারা উপস্থিত থাকে : ভিজিডি বিতরণকালে ট্যাগ অফিসারগণ উপস্থিত থাকে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মনিটরিং করেন।
- (গ) ভিজিডি খাদ্য বিতরণের সঙ্গে আর কি কি কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে : ভিজিডি খাদ্য বিতরণের সঙ্গে আয়বর্ধক ও মানবসম্পদ দক্ষতা বৃদ্ধি, সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়।
- (ঘ) দুঃস্থ ও অসহায় নারীদের জীবন মান উন্নয়নে কি কি পরিবর্তন লক্ষ্য করা যায় : দুঃস্থ ও অসহায় নারীদের জীবন মান উন্নয়নে পরিবেশগত, স্বাস্থ্যগত, শিক্ষাগত বিষয়ে পরিবর্তন লক্ষ্য করা যায়।
- (ঙ) খাদ্য বিতরণের মাধ্যমে পুষ্টির চাহিদা কতটুকু যোগান দেয়া সম্ভব হচ্ছে : খাদ্য বিতরণের মাধ্যমে ৪০% পুষ্টির চাহিদা পূরণ হচ্ছে।
- (চ) খাদ্য বিতরণের মাধ্যমে দারিদ্র বিমোচনে কি ভূমিকা পালন করছে : খাদ্য বিতরণের মাধ্যমে একটি পরিবারে চালের যে অভাব থাকে তা পূরণ করে।
- (ছ) ভিজিডি বিতরণে অভিযোগ থাকলে তা কি কি : পরিবহন ব্যয় বাস্তবের তুলনায় কম।
- (জ) অভিযোগ সমাধানে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায় : পরিবহন ব্যয় প্রয়োজন অনুযায়ী বৃদ্ধি করা যেতে পারে।

সুপারিশঃ ভিজিডি কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর-কে পরামর্শ দেয়া হলো। এছাড়াও পরিবহন ব্যয় প্রয়োজন অনুযায়ী বৃদ্ধি করা যেতে পারে।


০৯/০৬/২০২০
(পাপিয়া ঘোষ)

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১০৮।